ঢাকা ওয়াসা

১। ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। বিভিন্ন অটোমোবাইলস ওয়ার্কসপ হতে প্রাপ্ত কোটেশন।
৩। প্রস্তাবিত কাজের প্রাক্কলন

Subject : Supply and Installation of Require Spare parts for different cars under MODS Zone-6, Dhaka WASA(Lot-1).

০১। সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মডস জোন-৬ এর আওতাধীন বর্তমানে ১৭টি ডিএমএ রয়েছে। মডস জোন-৬ এর অফিস কম্পাউন্ডটি ঢাকা শহরের প্রানকেন্দ্র মতিঝিল সংলগ্ন গুরুত্বপূর্ণ এলাকায় অবস্থিত। মডস জোন-৬ এর সিঙ্গেল কেবিন পিক-আপ ঢাকা মেট্রো-ঠ-১১-৯৬৭৫ গাড়ীটি অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকা সমূহের পানি ও পয়ঃ লাইনের রক্ষনাবেক্ষণ কাজ, লিকেজ মেরামত কাজ, রাষ্ট্রীয়, সামাজিক ও ধর্মীয় বিভিন্ন অনুষ্ঠানে প্লাস্টিক ট্যাংকের মাধ্যমে পানি সরবরাহসহ পাগলা কেন্দ্রীয় ভান্ডারে পুরাতন মালামাল জমা দেয়া ও নতুন মালামাল আনা নেয়াসহ বিভিন্ন মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ প্রকৌশলীগণ সাইট পরিদর্শনসহ বিভাগীয় বিভিন্ন কাজে গাড়ীটি ব্যবহার হয়ে থাকে। উক্ত সিঙ্গেল কেবিন পিক-আপ এর ব্রেক সিস্টেম,ইঞ্জিন সিস্টেম, ক্লাচ সিস্টেম, সাসপেনশন সিস্টেম এর বিভিন্ন যন্ত্রাংশ যেমন-পিস্টন, পিস্টন রিং, ক্যাম বুশ, ওয়াটার পাম্প,ওয়েল পাম্প,বল জয়েন্ট,লাইনার স্লিপ, সেলফ স্টার্টার, লিফ স্প্রিং,টার্বোচার্জার, ক্লাচ প্লেট, প্রেসার প্লেট, রিলিজ বিয়ারিং, পাইলট বিয়ারিং, ফ্যান বেল্ট, টাইরড, ক্রস বিয়ারিং, হ্যাঙ্গার বুশ সহ অন্যান্য যন্ত্রাংশ খারাপ হয়ে যাওয়ায় গাড়ীটি চালানো কষ্টসাধ্য হয়ে যাচ্ছে। তাই জরুরী ভিত্তিতে উক্ত গাড়ির মালামালগুলো সরবরাহ ও স্থাপন করে সচল করা প্রয়োজন। উক্ত গাড়ী সমূহের বিভিন্ন মালামাল সংগ্রহ ও স্থাপন কাজের জন্য দক্ষ মেকানিক দেখিয়ে বর্তমান বাজার দর যাচাই পূর্বক ০৩টি কোটেশন সংগ্রহ করা হয়েছে। দাখিলকৃত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরদাতার দরের ভিত্তিতে ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:- ৪,০৮,২৫০/- (চার লক্ষ আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র। বর্ণিত কাজটি অতীব জরুরী বিবেচনায় পিপিআর-০৮ এর ৭৬ বিধির ১ উপ-বিধির (ট) অনুযায়ী সরাসরি চুক্তি পদ্ধতিতে সম্পাদন করা হবে। আলোচ্য কাজের ব্যয়-ভার মডস জোন-৬ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার Vehicles Maintenance, Code No- (01-04-017) খাত এর ক্রমিক নং-81 প্যাকেজ নং- 3 এ অন্তর্ভুক্ত আছে। যাহা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় **Supply and Installation of Require Spare parts for different cars under MODS Zone-6, Dhaka WASA(Lot-1).** কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের করার জন্য নথিতে উপস্থাপিত সর্বমোট টাঃ ৪,০৮,২৫০/- (চার লক্ষ আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর ৭৬/১(ট) বিধি মোতবেক ঠিকাদারের সহিত সরাসরি চুক্তি (ডিপিএম) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্টান "কবির অটোমোবাইলস" এর মাধ্যমে সম্পাদন করার সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

AE   EE   SE

১০/০৯/২৪
শাহাদাৎ হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

১০/০৯/২৪
কাজী আঃ রহমান
সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

১০/৯/২৪
প্রকৌঃ মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

০৩। অনুমোদিত।

১১/০৯/২০২৪
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

E.E, Zone-6